

## কৃতজ্ঞতা এবং উদারতায় ভরা উদযাপনের মধ্য দিয়ে DCSD কর্মচারী প্রশংসা দিবস উদযাপন করে থাকে

শুক্রবার, 6 অক্টোবর, DeKalb County School District (DCSD) উৎসব এবং উদযাপনের মধ্য দিয়ে জীবন্ত হয়ে উঠেছিল, কারণ ডিসট্রিক্ট অফিসের প্রশাসক এবং কর্মীরা কর্মচারী প্রশংসা দিবসে তাদের কৃতজ্ঞতা প্রদর্শনের লক্ষ্যে 138 টি স্কুল এবং কেন্দ্রের সবগুলো পরিদর্শন করেছেন! শিক্ষার্থীদের ফল ব্রেক এবং কর্মীদের একটি পেশাগত উন্নয়ন দিবসের সাথে যুগপৎভাবে সংঘটিত এই বিশেষ উপলক্ষ অনুগত এবং নিবেদিত কর্মীদের স্বীকৃতি এবং ধন্যবাদ জানানোর ক্ষেত্রে DCSD-এর অঙ্গীকারের প্রমাণ।

কিন্তু উৎসব সেখানেই শেষ হয়নি। বাস ড্রাইভার এবং মনিটরদের উদযাপন 10 অক্টোবর মঙ্গলবার সংঘটিত হয়, কেননা শুক্রবার তাদের বন্ধ ছিল, যা নিশ্চিত করে যে প্রত্যেক গুরুত্বপূর্ণ কর্মচারীকে সম্মানিত করা হয়েছে।

দিনের একটি বিশেষ হাইলাইট ছিল 2022-2023 স্কুল বছর থেকে ফিরে আসা কর্মীদের প্রতি ডিসট্রিক্টের অঙ্গীকার। প্রাথমিকভাবে অঙ্গীকার অনুযায়ী প্রতি সেমিস্টারে \$1,000 এর পরিবর্তে ধরে রাখার প্রণোদনা হিসাবে তাদেরকে সম্পূর্ণ \$2,000 প্রদান করে বিশ্বস্ততার জন্য পুরস্কৃত করা হয়। এসব তহবিল DeKalb কাউন্টিতে শিক্ষার্থী, পরিবার, কমিউনিটির অংশীদার এবং একের অপরের জন্য কঠোর পরিশ্রম এবং অঙ্গীকারের প্রতি কৃতজ্ঞতার প্রতীক হিসাবে কাজ করে।

উদযাপনের সময় 2023-2024-এর জন্য DCSD -এর নতুন শিক্ষকগণ তাদের সাইন-ইন বোনাসের প্রথম কিস্তি পেয়েছেন, যা ডিসট্রিক্টের ভবিষ্যৎ গঠনে তাদের উৎসাহ ও অঙ্গীকারকে স্বীকৃতি প্রদান করে।

DCSD কর্মচারীদের তৃতীয় গ্রুপে সম্মানিত হন 2023-2024 স্কুল বছরের জন্য সকল নতুন কর্মী সদস্য। তারা উপহার কার্ড, পোর্টফোলিও, টুপি এবং কলমসহ অনেক প্রিয় জিনিসে ভরা অনন্য "সোয়াগ ব্যাগ" পেয়েছেন, যা DCSD পরিবারের সমস্ত নতুনকে স্বাগত জানানোর ক্ষেত্রে প্রতীকী সদিচ্ছা নির্দেশ করে।

এই দুটি দিন ছিল মৃদুহাসি, অট্টহাসি এবং আন্তরিক কৃতজ্ঞতায় ভরা। কর্মচারী প্রশংসা দিবস হলো এই মর্মে এক বার্ষিক অনুস্মারক যে DCSD তাদের সমগ্র কর্মশক্তির নিবেদন এবং অঙ্গীকারকে মূল্য দিয়ে এবং লালন করে এটিকে সফল হওয়ার, শেখার এবং দীর্ঘস্থায়ী প্রভাব তৈরি করার একটি দুর্দান্ত জায়গা করে তোলে।

DCSD তাদের কর্মীদের জন্য সহায়ক এবং কৃতজ্ঞ পরিবেশ গড়ে তোলার

বিষয়টিতে গুরুত্ব প্রদানের মাধ্যমে উদাহরণ সৃষ্টি করে ও নেতৃত্ব দিয়ে চলেছে, যা শিক্ষার্থী এবং কমিউনিটির ভবিষ্যৎ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

কর্মচারী প্রশংসা দিবস 2023-এর বিভিন্ন দৃশ্যের জন্য নিচের লিঙ্কগুলোতে ক্লিক করুন:

- শুক্রবার, অক্টোবর 6 থেকে ডিসট্রিক্টব্যাপী ছবি: <https://flic.kr/s/aHBqjAXt3k>
- মঙ্গলবার, 10 অক্টোবর বাস চালক এবং বাস মনিটর উদযাপন: <https://flic.kr/s/aHBqjAY4aN>